# রাজ্যে ডব্লু বি সি এস পরীক্ষার মাধ্যমে কয়েকশো অফিসার

*প্রথম পাতার পর*

পরীক্ষার সার্টিফিকেটকেই গণ্য করা হয়।

## কোন গ্রুপে কোন চাকরি

**'এ' গ্রুপ**: নিয়োগ হবে এইসব সার্ভিসে: ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার [টেকনিক্যাল] বাদে)।

**'বি' গ্রুপ**: ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস।

গ্রুপ 'এ' ও 'বি'-এর ক্ষেত্রে বেতনক্রম: ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা।

**'সি' গ্রুপ**: সুপারিন্টেন্ডেন্ট-ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট-সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস (গ্রেড-ওয়ান), অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিস্পিউটস রিড্রেসাল কমিশন), অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস।

বেতনক্রম: সুপারিন্টেন্ডেন্ট-ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম পদের ক্ষেত্রে ৪২,৬০০-১,০৯,৮০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস পদের ক্ষেত্রে ৩৫,৮০০-৯২,১০০ টাকা এবং বাকি পদগুলির ক্ষেত্রে ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা।

**'ডি' গ্রুপ**: ইন্সপেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট।

বেতনক্রম: ৩২,১০০-৮২,৯০০ টাকা।

**প্রার্থী বাছাই**: ডব্লু বি সি এস পরীক্ষা মোট তিনটি পর্বে হয়। প্রথম পর্বে আছে অবজেক্টিভ টাইপ প্রিলিমিনারি পরীক্ষা। মনে রাখবেন প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে লিখিত মেন পরীক্ষায় বসার ছাড়পত্র মেলে। মেন পরীক্ষায় সফল হলে নেওয়া হয় তৃতীয় পর্যায়ের পার্সোন্যালিটি টেস্ট। মেন এবং পার্সোন্যালিটি টেস্টে সফলতার ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়।

**কিছু শর্ত**: ডব্লু বি সি এস পরীক্ষায় কতগুলি গ্রুপে আবেদন করতে হলে অতিরিক্ত যোগ্যতার প্রয়োজন: (ক) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস গ্রুপ 'বি': আবেদনের জন্য নির্দিষ্ট শারীরিক মাপজোক চাই। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১.৬৫ মিটার, মহিলাদের ক্ষেত্রে অন্তত ১.৫০ মিটার। গোর্খা প্রার্থীরা উচ্চতায় নিয়মানুসারে ছাড় পাবেন। (খ) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (গ্রুপ 'সি'): একেবারে প্রান্তিক অঞ্চলে গ্রামেগঞ্জে ঘুরে সাধারণ মানুষের সঙ্গে মিলেমিশে কাজ করার মানসিকতা থাকতে হবে। (গ) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস (গ্রুপ 'সি'): অন্ধ, মূক ও বধির প্রতিবন্ধীদের হোমে যেহেতু কাজ করতে হবে, তাই তাঁদের প্রশিক্ষণ দেওয়ার উপযুক্ত ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকতে হবে। যদি তা না থাকে তাহলে চাকরি পাওয়ার পর এই প্রশিক্ষণ নিতে হবে। (ঘ) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড ওয়ান (গ্রুপ 'সি'): বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। নেপালিভাষীদের ক্ষেত্রে এই শর্তে ছাড় আছে। তবে চাকরি পাওয়ার ২ বছরের মধ্যে বাংলায় একটি বিভাগীয় পরীক্ষায় সফল হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbpsc.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালির সই আপলোড করতে হবে। আবেদন সংশোধন করা যাবে ৩১ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত।

দরখাস্ত করার আগে প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। তবে কোনও প্রার্থী যদি আগে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত কোনও চাকরির পরীক্ষার দরখাস্তের ক্ষেত্রে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করে থাকেন, তাঁকে আর দ্বিতীয় বার এই প্রক্রিয়ার সাহায্য নিতে হবে না। আগেকার রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ডের মাধ্যমেই অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। সার্ভিস চার্জ ও জি এস টি অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ মার্চ। অফলাইনে ফি জমা দিতে হবে চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ মার্চ। তবে চালান জেনারেট করার শেষ তারিখ ২১ মার্চ। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে লাগবে না।

## পরীক্ষার ধরনধারণ

**প্রিলিমিনারি পরীক্ষা**: প্রিলিমিনারি পরীক্ষায় একটিই পেপারের উত্তর দিতে হবে। থাকবে 'জেনারেল স্টাডিজ' বিষয়ে ২০০টি মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) ইংলিশ কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ঘটনাবলি (কারেন্ট ইভেন্টস), (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে), (৬) ভারতের অর্থনীতি ও রাজনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন ও

*এরপর পাঁচের পাতায়*

# মৈত্রেয়ী কলেজে ১০৫ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

*প্রথম পাতার পর*

জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **কম্পিউটার সায়েন্স** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **ইকনমিক্স** ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইংলিশ** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **হিন্দি** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **হিস্ট্রি** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ম্যাথমেটিক্স** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ফিজিক্স** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **পলিটিক্যাল সায়েন্স** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী ১)। **সংস্কৃত** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **সোশিওলজি** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ১)। **জুলজি** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**বেতনক্রম**: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in দরখাস্তের শেষ তারিখ ১০ মার্চ।

আবেদনের যোগ্যতা ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.du.ac.in, www.maitreyi.ac.in

# অ্যাকসেঞ্চারে ফ্রেশার ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

থাকতে হবে ২০২২ সালে বা তার পরে।

কাজের অভিজ্ঞতা না থাকলেও আবেদন করা যাবে। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, অভিজ্ঞতা থাকলেও তা ১১ মাসের বেশি হলে চলবে না।

চার বছরে স্নাতক ও দুই বছরে স্নাতকোত্তর ডিগ্রি সম্পূর্ণ করে থাকতে হবে। কোনও ব্যাকলগ থাকলে চলবে না।

সংস্থার প্রযুক্তিগত পরিষেবাকে কার্যকর করা এবং সেই পরিষেবার মানোন্নয়ন এই পদের মূল দায়িত্ব। বেতন ৪,৫০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiacampus.accenture.com দরখাস্ত করার আগে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। আগে রেজিস্ট্রেশন করা থাকলে আর নতুন করে রেজিস্ট্রেশন করার দরকার হবে না। নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## ব্যাঙ্ক অব বরোদায়

# ৫০০ অ্যাকুইজিশন অফিসার

*প্রথম পাতার পর*

**বার্ষিক বেতন**: মেট্রো শহরের ক্ষেত্রে বার্ষিক ৫ লক্ষ টাকা, নন-মেট্রো শহরের ক্ষেত্রে বার্ষিক ৪ লক্ষ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, সাইকোমেট্রিক টেস্ট এবং গ্রুপ ডিসকাশন বা ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং (৩০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩০ নম্বর) ও জেনারেল নলেজ (২০ নম্বর) বিষয়ে। সময় দেড় ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রতিটি ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


স্টীল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড
STEEL AUTHORITY OF INDIA LIMITED
দুর্গাপুর স্টীল প্ল্যান্ট
DURGAPUR STEEL PLANT
দুর্গাপুর - ৭১৩২০৫

**অ্যাডভা নং ডিএসপি/পিই আরএস-এনডব্লু/আরই সিটি/সিওএনটি_ডিওসি_২ই/২০২৩/৪১৬(শর্ট) তারিখ: ২০.০২.২০২৩**

দুর্গাপুর স্টীল প্ল্যান্ট (ডিএসপি) কর্তৃক দুর্গাপুর স্টীল প্ল্যান্টে জিডিএমও এবং স্পেশালিস্ট (**চেস্ট মেডিসিন: ১, ব্লাড ব্যাঙ্ক: ১, পিডিয়াট্রিক্স: ১, রেডিয়োলজি: ১**) হিসাবে মেডিক্যাল ডিসিপ্লিনে ডাক্তার ঠিকাচুক্তি ভিত্তিতে নিয়োগের জন্য **৬ মার্চ, ২০২৩ সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা** পর্যন্ত সরাসরি সাক্ষাৎকারের নিমিত্ত মেডিক্যাল ডিসিপ্লিনে আগ্রহী উপযুক্ত ডাক্তারকে আহ্বান জানানো হচ্ছে।

সর্বশেষ ০৪.০৩.২০২৩ তারিখের মধ্যে "ডিএসপি-২০২৩-তে ঠিকাচুক্তির ভিত্তিতে মেডিক্যাল ডিসিপ্লিনে ডাক্তার নিয়োগ" কথাগুলি সাবজেক্ট লাইন হিসাবে নির্ধারিত ফরম্যাটে পূরণ করা দরখাস্তের একটি আগাম কপি **rectt.dsp@sail.in**-এর বরাবরে পাঠাতে পারেন।

দরখাস্ত ও অঙ্গীকারের ফরম্যাট ডাউনলোডিং ও বিশদ বিবরণের জন্য আমাদের ওয়েবসাইট: **www.sail.co.in**-তে "Careers" দেখুন।

**রেজিস্টার্ড অফিস ঃ ইস্পাত ভবন, লোদি রোড, নয়াদিল্লি - ১১০ ০০৩**

*আমাদের সবার জীবনের সঙ্গে জুড়ে আছে সেল*



**SYAMAPRASAD INSTITUTE OF TECHNOLOGY & MANAGEMENT**
(Affiliated to MAKAUT)

**RECRUITMENT NOTICE**

Applications are invited from interested candidates for the following positions:
**1. Principal:** Ph.D. with 15 years experience.
**2. Assistant Professor** in (i) Computer Science/Application, (ii) Business Administration, (iii)Hospital Management, (iv) Multimedia & Graphics, (v) Data Science, (vi) Optometry (vii) Mathematics **3. Librarian 4. Computer Lab Assistant 5. Front Office Executive:** Graduate with English Medium background.Mail your CV within 7 days to **siaerecruitment@gmail.com**



**Acharya Bangalore B-School**
(Affiliated to Bangalore University, Approved by AICTE and Recognised by Govt. of Karnataka)

A premier educational institution in Bengaluru, accredited with NAAC, NBA & IACBE, USA invites applications for:

**Faculty in Management**

**Areas : Finance, Marketing, Business Analytics, Operations, Quantitative Techniques.**

- Candidates having BE, MBA/MBA with Ph.D and 5+ years experience in teaching / industry can apply.
- Candidates who are pursuing Ph.D can also apply.
- Salary as per AICTE norms and commensurate with qualification and experience.

Interested candidates can attend personal interview @ Rotary Sadan, Chowringee Road, Kolkata on 03rd March 2023 between 1pm to 5 pm.

Those who can't attend, can mail their CV to hrdbhavan@abbs.edu.in.

www.abbs.edu.in



FCDA
Industrial Training Institute
Skill India

**VIVEKANANDA PRIVATE ITI**
(Unit of Foundry Cluster Development Association)
Approved by DGT / NCVT under Ministry of Skill Development And Entrepreneurship

**NCVT স্বীকৃত ITI Course -এ কম খরচে সরাসরি ভর্তি 2023-24 & 2023-25**

নিম্নলিখিত কোর্সগুলিতে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন ঃ

**Electrician** সময়সীমা ঃ ২ বছর
**Foundryman** সময়সীমা ঃ ১ বছর
**Fitter** সময়সীমা ঃ ২ বছর
**Health Sanitary Inspector** সময়সীমা ঃ ১ বছর



বয়সের কোন উর্দ্ধসীমা নেই
ন্যূনতম যোগ্যতা ১০ম পাশ
ছেলেদের হোস্টেলের সুবিধা
কোর্স ফিতে ইনস্টলমেন্ট-এর সুবিধা

আগে আসার ভিত্তিতে ভর্তির নিশ্চয়তা
সীমিত সংখ্যক আসন আজই বুকিং করুন
ছাত্র-ছাত্রী উভয়েই যোগ্য

**ইতিমধ্যেই ভর্তি শুরু হয়ে গেছে**

Admission নেওয়ার জন্য সত্বর যোগাযোগ করুন ঃ
**VIVEKANANDA PRIVATE ITI**
Foundry Park, Hauli Bagan, Ranihati-Amta Road, Panchla, Howrah-711322
**8017000041 & 8585035624**
E-mail : foundrypark@fcda.in
princivti@fcda.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ জানুয়ারি-৬ ফেব্রুয়ারি

**৩০ জানুয়ারি** প্রায় তিন বছর পর আপাতত দৈনিক কোভিড বুলেটিন দেওয়া বন্ধ করল স্বাস্থ্য দপ্তর। যখন বাংলায় একজনও আক্রান্ত হয়নি ২০২০-র সেই ফেব্রুয়ারি থেকেই রোজ কোভিড বুলেটিন আপলোড করা হতো স্বাস্থ্য দপ্তরের পোর্টাল এবং অফিসিয়াল ফেসবুক পেজ ও টুইটার হ্যান্ডেলে। বর্তমানে দৈনিক আক্রান্তের সংখ্যা মাসদুয়েক যাবৎ ১০-এর নীচে এবং মৃত্যু প্রায় শূন্য থাকায় সেই প্রথায় ছেদ টানল স্বাস্থ্য দপ্তর।

**পাকিস্তানের পেশোয়ারে পুলিশ লাইন্সের** মসজিদে দুপুরের নমাজের সময় জঙ্গিহানা হল। মসজিদের ভিতরে তীব্র বিস্ফোরণে পুলিশকর্মী, সেনা-সহ প্রাণ হারালেন কমপক্ষে ৬১ জন। হাসপাতাল সূত্রে বলা হয়েছে আহতের সংখ্যা ১৫৭ ছাড়িয়েছে। **জানা গিয়েছে নমাজের সময়** প্রার্থনাসভার একবারে প্রথম সারিতে দাঁড়িয়ে ছিল আত্মঘাতী জঙ্গি। নমাজ শুরুর পরেই নিজেকে উড়িয়ে দেয় সে। উড়ে যায় মসজিদের ছাদের একাংশে। তেহরিক-ই-তালিবান পাকিস্তান হামলার দায় স্বীকার করেছে।

**৩১ জানুয়ারি** প্রখ্যাত আইনজীবী ও **প্রাক্তন কেন্দ্রীয় আইনমন্ত্রী শান্তিভূষণ (৯৭) প্রয়াত হলেন।** ১৯৭৭ সালে কংগ্রেসের পরাজয়ের পরে মোরারজি দেশাই সরকারের আইনমন্ত্রী হয়েছিলেন তিনি। এরপর ১৯৮০ সালে তিনি **'সেন্টার ফর পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন'** নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থাও প্রতিষ্ঠা করেন। বরাবরই দুর্নীতির বিরুদ্ধে সরব ছিলেন তিনি। তাঁর ছেলে প্রশান্ত ভূষণ খ্যাতনামা আইনজীবী ও সমাজকর্মী।

**প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিশিষ্ট অর্থনীতিবিদ** মনমোহন সিংকে অর্থনীতি ও রাজনীতিতে আজীবনের অবদানের জন্য ইন্ডিয়া-ইউকে অ্যাচিভার্স অনার দেওয়ার কথা ঘোষণা করা হল। দিল্লিতে একটি অনুষ্ঠানে এই পুরস্কার তুলে দেওয়া হবে মনমোহনের হাতে। এই সম্মান যৌথ ভাবে দিয়ে থাকে ইংল্যান্ডের ন্যাশনাল ইন্ডিয়ান স্টুডেন্ট ইউনিয়ন, ব্রিটিশ কাউন্সিল এবং ইউকে ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ট্রেড। মনমোহন তাঁর লিখিত প্রতিক্রিয়ায় বলেছেন, 'এই পুরস্কার বিশেষ অর্থবহ, তা তরুণদের কাছ থেকে এসেছে।'

**১ ফেব্রুয়ারি** একইসঙ্গে পূর্বরেল ও কলকাতা মেট্রোরেলের মুখ্য জনসংযোগ আধিকারিকের দায়িত্ব নিলেন কৌশিক মিত্র। এর আগে একইসঙ্গে ভারতীয় রেলের এই দু'টি জোনের মুখ্য জনসংযোগ আধিকারিকের দায়িত্বে ছিলেন একলব্য চক্রবর্তী। কৌশিকবাবু এর আগে কলকাতা মেট্রোর বাণিজ্য বিভাগের আধিকারিক ছিলেন।

**২ ফেব্রুয়ারি** সিন্ধু জলবণ্টন চুক্তি নিয়ে পাকিস্তানকে ফের তোপ দাগল ভারত। নয়াদিল্লির দাবি, পাকিস্তান অনেক শর্ত মানছে না। সেগুলো ঠিক না করলে ভারত আরও কড়া পদক্ষেপ করবে। এই নোটিসের পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাঙ্ক একজন আরবিট্রেটর নিয়োগ করেছে, এই সমস্যার নিরপেক্ষ সমাধানের জন্য। এ প্রসঙ্গে বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী বলেছেন, 'বিশ্বব্যাঙ্ক এই বিষয়ে কোনও হস্তক্ষেপ করতে পারে না। এটা দু'টি দেশের বিষয়। আমরা কোনও তৃতীয় পক্ষের থেকে সমাধানসূত্র চাইনি। চুক্তি অনুযায়ীই পদক্ষেপ করছি। পাকিস্তানও এ ব্যাপারে প্রথমে আরবিট্রেটর নিয়োগ করার কথা বলেছিল। পরে মধ্যস্থতা আদালতে আবেদন করে তারা।


**জোশীমঠে ২৯৬টি পরিবারের ৯৯৫ জন** নিরাপদ স্থানে আশ্রয় নিয়েছেন বলে রাজ্যসভায় জানালেন ভূ-বিজ্ঞানী মন্ত্রী জিতেন্দ্র সিং। বিশেষজ্ঞরা বলেছেন ক্রমশই বসে যাচ্ছে জোশীমঠ। ফলে যেসব বাড়িতে ফাটল ধরেছে, তা যে-কোনও সময়ই ভেঙে পড়তে পারে। ফলে অনেকেই বাড়ি ছাড়তে বাধ্য হচ্ছেন। ফাটলের জেরে জোশীমঠে সমস্ত নির্মাণকাজ বন্ধ রয়েছে।

**৩ ফেব্রুয়ারি** ঋণ-ভারে জর্জরিত পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ বাধ্য হলেন প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের সঙ্গে আলোচনায় যেতে। দেশের পরিস্থিতি সামলাতে আইএমএফের কাছে ঋণের জন্য দরবার করছিল পাকিস্তান। আইএমএফ কর্তাদের সঙ্গে বৈঠকের পর কঠিন শর্তের বিনিময়ে ঋণ দিতে রাজি হয়েছেন তারা। তবে ঋণ দেওয়ার আগে সর্বদলের সম্মতি দাবি করেছে আইএমএফ। সে কারণেই গোটা বিষয়টি নিয়ে আলোচনা করতেই ইমরান-সহ সব দলের নেতাদের সঙ্গেই আলোচনা চাইলেন শরিফ।


**৫ ফেব্রুয়ারি** আমেরিকার আকাশে দৃশ্যমান চিনের 'গুপ্তচর' বেলুনকে গুলি করে নামাল আমেরিকা। এই ঘটনায় পেন্টাগনের ভূয়সী প্রশংসা করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি বলেছেন, আমেরিকার সার্বভৌমত্ব ভঙ্গ করেছিল চিন, তাই এই জবাব প্রয়োজন ছিল। অন্যদিকে, চিন শুরু থেকেই দাবি করেছে এটা মহাকাশ গবেষণার কাজে ব্যবহৃত এয়ারশিপ যা হাওয়ার তোড়ে ভুল করে আমেরিকার আকাশে চলে গিয়েছে। সেই এয়ারশিপকে গুলি করে নামানোর বিষয়টিকে ঘিরে ক্ষোভ প্রকাশ করেছে চিন।

**৬ ফেব্রুয়ারি** বিচারপতি নিয়োগের ভার কার হাতে থাকবে, এই নিয়ে কেন্দ্র-কলেজিয়ামের দ্বন্দ্বের মধ্যেই সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিলেন পাঁচজন বিচারপতি। দেশের নানা প্রান্তের হাইকোর্ট সামলে আসা বিচারপতি পঙ্কজ মিঠাল, বিচারপতি সঞ্জয় করোল, বিচারপতি পি ভি সঞ্জয় কুমার, বিচারপতি আসাউদ্দিন আমানুল্লাহ ও বিচারপতি মনোজ মিশ্রকে শপথবাক্য পাঠ করালেন শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়।

## ভয়াল কম্পনে তুরস্ক-সিরিয়ায় মৃত ৪৪ হাজারেরও বেশি



**৬ ফেব্রুয়ারি:** ভয়াবহ ভূমিকম্পের শিকার হল তুরস্ক ও সিরিয়া। ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে (ইউএসজিএস)-এর দাবি, ১৮ ঘণ্টার মধ্যে তুরস্ক-সিরিয়ায় অন্তত চারটি বড় কম্পন হয়েছে। যার মধ্যে ভোররাতের কম্পনটি ছিল ৭.৮ মাত্রার। তার মিনিট পনেরোর মধ্যেই ধাক্কা দেয় ৬.৭ মাত্রার কম্পন। দুপুরে ৭.৫ মাত্রার কম্পন এবং সন্ধে নাগাদ ফের ৬ মাত্রার কম্পনে কেঁপে ওঠে মাটি। রাতারাতি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে দু-দেশের বিস্তীর্ণ অঞ্চল। ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত পাওয়া খবরে ৪৪,০০০-এরও বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে অনুমান করা হচ্ছে।



"সম্প্রতি এক মন্ত্রী (এস জয়শঙ্কর) বলেছেন চিন যেহেতু বড় অর্থনীতির দেশ, ভারত তাদের সঙ্গে লড়তে পারবে না। আমাদের দেশে ব্রিটিশ শাসন চলাকালীন তাদের অর্থনীতি আমাদের থেকে বড় ছিল না? সরকার কি এটাই বলতে চায়, ভারত কেবল তার থেকে দুর্বলদের সঙ্গে লড়বে, শক্তিশালীদের বিরুদ্ধে নয়? এটা কাপুরুষতা। এটা সাভারকরের আদর্শ। শক্তিশালীর সামনে মাথা নত করে রাখা।"

**রাহুল গান্ধী,** *কংগ্রেস সাংসদ*
রায়পুরে কংগ্রেসের প্লেনারি অধিবেশনে

## প্রয়াত মুশারফ



**৫ ফেব্রুয়ারি:** পাকিস্তানের প্রাক্তন প্রেসিডেন্ট তথা সে দেশের প্রাক্তন সেনাপ্রধান পারভেজ মুশারফ (৭৯) প্রয়াত হলেন। ১৯৯৯-এর ভারত-পাক কার্গিল যুদ্ধের সময়ে পাকিস্তানের সেনাপ্রধান ছিলেন মুশারফ। পরবর্তীকালে পাকিস্তানে স্বৈরাচারী সামরিক শাসক হয়ে ওঠা মুশারফকেই কার্গিল যুদ্ধের রূপকার বলা হয়। ১৯৯৯ সালেই সেনা অভ্যুত্থানের মাধ্যমে পাকিস্তানের ক্ষমতা দখল করেন মুশারফ। পাকিস্তানের দশম প্রেসিডেন্ট ছিলেন তিনি। ২০০৭ সালে তৎকালীন পাক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোকে খুনের ষড়যন্ত্রেও নাম উঠে এসেছিল মুশারফের।

## প্রয়াত বাণী জয়রাম



**৪ ফেব্রুয়ারি:** প্রখ্যাত সঙ্গীতশিল্পী বাণী জয়রাম (৭৮) প্রয়াত হলেন। চেন্নাইয়ের বাসভবনে বছর চারেক আগে স্বামীর মৃত্যুর পর থেকে একাই থাকতেন তিনি। এদিন সকালে তাঁর পরিচারিকা ফ্ল্যাটে শিল্পীকে প্রয়াত অবস্থায় দেখতে পান। ১৯৭১ সালে হৃষীকেশ মুখোপাধ্যায়ের 'গুড্ডি' ছবিতে 'বোলে রে পাপিহারা' গানটি গেয়ে দক্ষিণের এই শাস্ত্রীয় সঙ্গীতশিল্পী জনপ্রিয় হয়ে ওঠেন। ৫০ বছরের বেশি সঙ্গীত জীবনে তামিল, তেলুগু, হিন্দি, বাংলা, অসমিয়ায় ১০ হাজারেরও বেশি গান গেয়েছেন বাণী। বাংলায় তাঁর গাওয়া 'সেই গান কেন আমি পারি না শোনাতে' চিরকালীন গানের অন্যতম। এবছরই পদ্মভূষণ পুরস্কারে সম্মানিত হন তিনি। পুরস্কার পাওয়ার খবরে তাঁর প্রতিক্রিয়া ছিল, 'এত দেরিতে হলেও এই পুরস্কার পেয়ে আমি গর্বিত।

## সংসদে বাজেট পেশ অর্থমন্ত্রীর



**১ ফেব্রুয়ারি:** কেন্দ্রীয় বাজেটকে 'ভোট-মুখী' করতে দেশের নাগরিকদের কর ছাড়ের ঊর্ধ্বসীমাকে এক ধাক্কায় বাড়িয়ে ৭ লক্ষ করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। পরের বছরই লোকসভা নির্বাচন এবং চলতি বছরে ন'টি রাজ্যে বিধানসভা নির্বাচন থাকায় অর্থমন্ত্রীর ৮৭ মিনিটের সংক্ষিপ্ততম ভাষণে রাজনীতির সুদীর্ঘ ছায়া যে থাকবে তা প্রত্যাশিতই ছিল। আয়করের নতুন কাঠামো ছাড়া, কেওয়াইসি সরলীকরণে প্যান কার্ডকে পরিচয়পত্র হিসাবে দাখিল করার কথা বলা হয়েছে, প্রধানমন্ত্রী আবাস যোজনার বরাদ্দ বাড়িয়ে ৭৯,০০০ কোটি করা হয়েছে। কিন্তু মূল্যবৃদ্ধি নিয়ে বাজেটে কোনও বক্তব্য না থাকায় বিরোধীদের প্রশ্ন, মূল্যবৃদ্ধির বাজারে আয়করে ছাড় বেকারদের জন্য কী সুবিধা আনবে? কেন্দ্রের বাজেটকে 'গরিব বিরোধী', 'অমাবস্যার বাজেট' বলে তীব্র সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, এই বাজেটে গরিব মানুষকে বঞ্চিত করে দেশের নির্দিষ্ট একটি অংশকে লাভবান করার চেষ্টা হয়েছে।

## অবশেষে ছাড়া পেলেন কাপ্পান



**২ ফেব্রুয়ারি:** ২৮ মাস পর দু'টি মামলায় জামিন পেয়ে লখনউ জেল থেকে ছাড়া পেলেন কেরালার সাংবাদিক সিদ্দিক কাপ্পান। তবে ছাড়া পেলেও এখনই কেরালায় ফিরতে পারছেন না সিদ্দিক। আদালতের নির্দেশে ছ'সপ্তাহ দিল্লিতে থাকতে হবে তাঁকে। ২০২০-র অক্টোবরে উত্তরপ্রদেশের হাথরসে যাওয়ার পথে গ্রেপ্তার হন কেরালার এই সাংবাদিক। সিদ্দিকের দাবি, হাথরসের ধর্ষণ-খুনের ঘটনা কভার করতে যাচ্ছিলেন তিনি। কাপ্পানের বিরুদ্ধে ইউএপিএ-তে মামলা হয়। সম্প্রতি নিষিদ্ধ 'পিপলস ফ্রন্ট অব ইন্ডিয়া'র সঙ্গে যুক্ত থাকার অভিযোগও ওঠে। শেষ পর্যন্ত অবশ্য কাপ্পানের বিরুদ্ধে জোরাল কোনও তথ্যপ্রমাণই মেলেনি।

## প্রয়াত পরিমল দে



**১ ফেব্রুয়ারি:** জাতীয় দলের প্রাক্তন ফুটবলার ও বাংলার প্রাক্তন ফুটবল নক্ষত্র পরিমল দে (৮১) প্রয়াত হলেন। ইরানের পাস ক্লাবের বিরুদ্ধে পরিবর্ত হিসেবে মাঠে নেমেই ঐতিহাসিক গোলের জন্য স্মরণীয় হয়ে থাকবেন তিনি। দেশের হয়ে মারডেকা কাপ ও এশিয়ান গেমসে ৫ ম্যাচে একটি গোল রয়েছে। বাংলার হয়ে ৭ বার সন্তোষ ট্রফি খেলে ১২ গোল করেছেন। সন্তোষ ট্রফি জিতেছেন দু'বার (১৯৯২, ৬৯)। মোহনবাগানের এক মরসুম বাদ দিলে খেলোয়াড়ি জীবনের পুরোটাই কাটিয়েছেন ইস্টবেঙ্গলে। গোল করেছেন ৮৪টি।

## বাজেটে রেলে প্রাপ্তির সর্বকালীন রেকর্ড বাংলার



**৩ ফেব্রুয়ারি:** সদ্য সমাপ্ত কেন্দ্রীয় বাজেটে রেলের খাতে বাংলা পেল ১১ হাজার ৯৭০ কোটি টাকা, যা রাজ্যের জন্য সর্বকালীন রেকর্ড। এদিন সন্ধেয় কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বাংলার জন্য অনুমোদিত অর্থের পরিমাণ ঘোষণা করার সঙ্গে সঙ্গেই জানিয়েছেন এই বছর রেলবাজেটে দেশের যে-কোনও রাজ্যের চেয়ে বাংলা বেশি টাকা বরাদ্দ পেয়েছে। বরাদ্দ অর্থের মধ্যে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা অনুমোদিত হয়েছে কলকাতার মেট্রোরেল প্রকল্পগুলো সম্পূর্ণ করার কাজে। দক্ষিণ-পূর্ব রেলও বাংলার বিভিন্ন প্রকল্পে চার হাজার কোটির বেশি টাকা পেয়েছে। বাকি টাকা পেয়েছে পূর্ব রেল।

## শান্তিপূর্ণ সিকিমে বন্‌ধ-প্রতিবাদ



**৪ ফেব্রুয়ারি:** সম্প্রতি আয়কর সংক্রান্ত একটি মামলার পর্যবেক্ষণে সিকিমে বসবাসকারী নেপালিদের সুপ্রিম কোর্ট 'বিদেশি' বলে উল্লেখ করায় উত্তাল হল সিকিম। সে রাজ্যের প্রধান বিরোধী দল পবন কুমার চামলিংয়ের 'সিকিম ডেমোক্র্যাটিক ফ্রন্ট' (এসডিএফ) ৪৮ ঘণ্টার বন্‌ধের ডাক দিয়েছে। অন্যদিকে, মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং ৯ ফেব্রুয়ারি সিকিম বিধানসভার জরুরি অধিবেশনের ডাক দিলেন। শীর্ষ আদালতের মন্তব্যের পাল্টা সরকারকে পদক্ষেপ করার জন্য সাত দিনের সময় দিয়েছেন বিক্ষোভকারীরা। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ সংশোধনের আবেদন জানিয়ে রিভিউ পিটিশন দাখিল করেছে সিকিম প্রশাসন। শান্তিপূর্ণ এবং পর্যটকদের প্রিয় সিকিমে হঠাৎ ধর্মঘটের জেরে বিপাকে পড়লেন পর্যটকেরা।

# রাজ্যে ডব্লু বি সি এস পরীক্ষার মাধ্যমে কয়েকশো অফিসার

*তিনের পাতার পর*

(৮) সাধারণ মানসিক দক্ষতা। স্নাতক মানের প্রশ্ন আসবে। প্রত্যেক বিষয়ে নম্বর ২৫। মোট নম্বর ২০০। সময় আড়াই ঘণ্টা।

**মেন পরীক্ষা**: মেন পরীক্ষায় থাকবে ৬টি কম্পালসারি পেপার এবং ১টি অপশনাল সাবজেক্ট (শুধুমাত্র গ্রুপ 'এ' এবং গ্রুপ 'বি'-র প্রার্থীদের ক্ষেত্রে)। অপশনাল সাবজেক্টে থাকবে ২টি পেপার। প্রতিটি কম্পালসারি এবং অপশনাল সাবজেক্টের পেপারের পূর্ণমান ২০০। সময় ৩ ঘণ্টা করে।

**কম্পালসারি পেপার**: ৬টি কম্পালসারি পেপারের মধ্যে পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। এছাড়া অন্য চারটি কম্পালসারি পেপারের ক্ষেত্রে ও এম আর শিটে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর করতে হবে।

পেপার-ওয়ানে নেওয়া হবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকবে লেটার রাইটিং বা ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ইংরেজি থেকে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি ভাষায় ট্রানস্লেশন।

পেপার-টু-তে আছে ইংরেজিতে লেটার রাইটিং/ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন।

পেপার-থ্রি-তে আছে জেনারেল স্টাডিজ-ওয়ান: (১) ইন্ডিয়ান হিস্ট্রি উইথ স্পেশ্যাল এমফ্যাসিস অন ন্যাশনাল মুভমেন্ট, (২) জিওগ্রাফি অব ইন্ডিয়া (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে)।

পেপার-ফোর-এ আছে জেনারেল স্টাডিজ-টু: সায়েন্স অ্যান্ড সায়েন্টিফিক অ্যান্ড টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ এবং কারেন্ট অ্যাফেয়ার্স।

পেপার-ফাইভ-এ আছে দ্য কনস্টিটিউশন অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ইকনমি ইনক্লুডিং রোল অ্যান্ড ফাংশানস অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া।

পেপার সিক্স-এ আছে অ্যারিথমেটিক এবং রিজনিংয়ের প্রশ্ন।

মনে রাখতে হবে 'এ' ও 'বি' গ্রুপের প্রার্থীরা ৬টি কম্পালসারি পেপার এবং একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারের পরীক্ষা দেবেন। 'সি' ও 'ডি' গ্রুপের প্রার্থীরা শুধুমাত্র ৬টি কম্পালসারি পেপারের পরীক্ষা দেবেন।

ভাষার পেপার ছাড়া বাকি সমস্ত কম্পালসারি এবং অপশনাল বিষয়ের উত্তর বাংলা বা ইংরেজিতে লেখা যাবে। সংস্কৃত বিষয়ের উত্তর দেবনাগরী বা বাংলা হরফে লেখা যাবে। সাঁওতালি বিষয়ের উত্তর লিখতে হবে অলচিকি লিপিতে। তবে একই পেপারে একাধিক ভাষায় উত্তর লেখা যাবে না। মাল্টিপল চয়েস প্রশ্নের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে।

**পার্সোন্যালিটি টেস্ট**: মেন লিখিত পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী চারটি গ্রুপেরই নির্বাচিত কিছু প্রার্থীকে ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টে। গ্রুপ 'এ' ও 'বি'-এর ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্টে থাকবে ২০০ নম্বর, গ্রুপ 'সি'-এর ক্ষেত্রে ১৫০ নম্বর এবং গ্রুপ 'ডি'-র ক্ষেত্রে ১০০ নম্বর।

**কোন গ্রুপে কত নম্বরের পরীক্ষা**: গ্রুপ অনুযায়ী মেন লিখিত পরীক্ষার নম্বরের বিন্যাস এরকম: গ্রুপ 'এ' এবং 'বি'-এর জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০x৬), একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারে ৪০০ (২০০x২) এবং পার্সোন্যালিটি টেস্টে ২০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৮০০ (১,৬০০+২০০)।

গ্রুপ 'সি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০x৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১৫০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩৫০ (১,২০০+১৫০)।

গ্রুপ 'ডি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০x৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩০০ (১,২০০+১০০)।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://wbpsc.gov.in


SAINI MAHINDRA
Leading Automobile Dealership in Kolkata requires :-
1. Sales Consultants — Graduates preferable with 2 years experience in Automobile Sales.
2. Team Leaders — Graduate with minimum 5 Years Experience in Automobile Sales & Marketing.
3. Commercial Manager — Graduate with minimum 5 Years Experience in Commercial Automobile Sales & Marketing.
4. Commercial Sales Consultants — Graduates preferable with 2 years experience in Commercial Automobile Sales.
5. Telecallers — Graduates, preferable with 2 years experience. Fluent in English, Bengali & Hindi.
Fresher's can also apply. Send your resume to : hr@sainigroup.net | 9831207435
Eligible candidates will be called for interview



SUMMER COURSES
COMPUTER & SPOKEN ENGLISH
Computer Course with joint certification with Tally
Foreign Language Courses : French, German, Spanish, Russian & Chinese
SPOKEN ENGLISH COURSES with OXFORD books and online assessment BEST
THE BRITISH INSTITUTES
35, Raja Rammohan Sarani (Amherst Street), Kolkata-09
T : +91-033-2360 0144 / 0145
FOR ADMISSION CONTACT OUR NEAREST CENTER
For Admission and to open our Center in the Unrepresented Areas
Call us : 90888 94444
info@thebritishinstitute.com www.thebritishinstitutes.com



MANMOHINI ACADEMIC INSTITUTION
Recognised by Indian Nursing Council
GNM NURSING
(General Nursing & Midwifery)
B.SC NURSING
(Bachelor of Science in Nursing)
For Addmission Query
Contact Now







7063512041



CAREER TOPPERS
A Jadavpur University Alumnus Academic Initiative
নিট ২০২৩-এর তারিখ ঘোষিত
NEET ৭ মে
২০ লাখেরও বেশি পরীক্ষার্থী এবারে পরীক্ষায় বসবে
নিজস্ব সংবাদদাতা
৬ লাখ টাকা
সরকারী কলেজে ভর্তির পর দিতে হবে
কলকাতা ও জেলা
কোনো অগ্রিম টাকা ছাড়া
২০২৩-এ পশ্চিমবঙ্গের সরকারী মেডিকেল কলেজে ভর্তি
GUARANTEED
NEET পরীক্ষায় ন্যূনতম 350 নম্বর আবশ্যক
9830623337 | 9830211139
25/A Shakespeare Sarani, The Legacy, Level 1, Kolkata 700 017

# দেশ জুড়ে ৩৩টি অস্ত্র কারখানায় ৫৩৯২

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ২৪, ফিটার: আই টি আই ৫২, ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: নন-আই টি আই ২২, মেশিনিস্ট: আই টি আই ৫২, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স (জি): আই টি আই ২০, টার্নার: আই টি আই ২২, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ২২।

**অর্ডন্যান্স ফ্যাক্টরি, দমদম:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ২, ফিটার: আই টি আই ৬, নন-আই টি আই ৫, মেশিনিস্ট: আই টি আই ৭, নন-আই টি আই ৫, টার্নার: নন-আই টি আই ১, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ২, ইলেক্ট্রনিক মেকানিক: আই টি আই ২টি।

**রাইফেল ফ্যাক্টরি, ইছাপুর:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ৩৫, ফিটার: আই টি আই ৩১, নন-আই টি আই ৯২, মেশিনিস্ট: আই টি আই ৩০, নন-আই টি আই ৯৪, মেশিনিস্ট (গ্রাইন্ডার): আই টি আই ৩০টি, নন-আই টি আই ২১টি, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: নন-আই টি আই ২৬, টার্নার: আই টি আই ৩০, নন-আই টি আই ৪৫, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ৩৬।

**চণ্ডিগড়: অর্ডন্যান্স কেবল ফ্যাক্টরি, চণ্ডিগড়:** ট্রেড অনুসারে শূন্যপদ: কার্পেন্টার: আই টি আই ৫, ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ৬, ফিটার: আই টি আই ৮, মেশিনিস্ট: আই টি আই ৬, নন-আই টি আই ১০, পেইন্টার (জেনারেল): আই টি আই ৩, টার্নার: আই টি আই ৩, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ২, ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাক্টর): আই টি আই ২।

**মধ্যপ্রদেশ: গান ক্যারেজ ফ্যাক্টরি, জব্বলপুর:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ৬, মেশিনিস্ট: আই টি আই ১৪, নন-আই টি আই ১৪, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): আই টি আই ১৩, টার্নার: আই টি আই ৮, নন-আই টি আই ৮, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: আই টি আই ৮, ফিটার: নন-আই টি আই ১৮, পেইন্টার (জি): আই টি আই , ইলেক্ট্রোপ্লেটার: আই টি আই ৫।

**গ্রে আয়রন ফাউন্ড্রি, জব্বলপুর:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ৫ নন-আই টি আই ৪, মেশিনিস্ট: নন-আই টি আই ৫, আই টি আই ৫, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): নন-আই টি আই ৪, আই টি আই ৪, টার্নার: নন-আই টি আই ৫, আই টি আই ৫, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: নন-আই টি আই ৪, আই টি আই ৪, ফাউন্ড্রিম্যান: নন-আই টি আই ৫, আই টি আই ৫, ফিটার: নন-আই টি আই ৬টি, আই টি আই ৫।

**অর্ডন্যান্স ফ্যাক্টরি, ইতার্সি:** ট্রেড অনুসারে শূন্যপদ: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট): নন-আই টি আই ১০, বয়লার অ্যাটেন্ড্যান্ট: নন-আই টি আই ৫, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): নন-আই টি আই ৫, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার-কন্ডিশনিং: আই টি আই ১০, ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ১০, মেশিনিস্ট: আই টি আই ১০, টার্নার: আই টি আই ১০।

**অর্ডন্যান্স ফ্যাক্টরি, খামারিয়া, জব্বলপুর:** ট্রেড অনুসারে শূন্যপদ: অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট: আই টি আই ২৫৭, ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ২৩, ইলেক্ট্রোপ্লেটার: আই টি আই ৮, ফিটার: আই টি আই ৬৮, টার্নার: আই টি আই ১৭, মেশিনিস্ট: আই টি আই ১৫১, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): আই টি আই ৫।

**অর্ডন্যান্স ফ্যাক্টরি, কাটনি:** ট্রেড অনুসারে শূন্যপদ: ফিটার: নন-আই টি আই ১১, ফাউন্ড্রিম্যান: নন-আই টি আই ৫, ইনস্ট্রুমেন্ট মেকানিক: নন-আই টি আই ৩, মেশিনিস্ট: নন-আই টি আই ১৬, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: নন-আই টি আই ১০, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার-কন্ডিশনিং: নন-আই টি আই '২টি, টার্নার: নন-আই টি আই ১২, ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ১৫, টুল অ্যান্ড ডাই মেকার: আই টি আই ৮, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২।

**ভেহিক্যল ফ্যাক্টরি, জব্বলপুর:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ১০, ফিটার: আই টি আই ১০, মেশিনিস্ট: আই টি আই ১০, মেশিনিস্ট (গ্রাইন্ডার): আই টি আই ১০, মেকানিক মোটর ভেহিক্যল: আই টি আই ১০, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ১০, টার্নার: আই টি আই ১০।

**মহারাষ্ট্র: হাই এক্সপ্লোসিভ ফ্যাক্টরি, কিরকি (পুনে):** ট্রেড অনুসারে শূন্যপদ: অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট: নন-আই টি আই ৫৮, ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ১২, ফিটার: আই টি আই ১২।

**মেশিন টুল প্রোটোটাইপ ফ্যাক্টরি, অম্বরনাথ:** ট্রেড অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিশিয়ান: আই টি আই ৩, ফিটার: আই টি আই ২, নন-আই টি আই ২০, মেশিনিস্ট: আই টি আই ৪, নন-আই টি আই ৩০, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স: আই টি আই ৭, টার্নার: আই টি আই ৯, নন-আই টি আই ৩০, ওয়েল্ডার (জি অ্যান্ড ই): আই টি আই ২।

